গাংনীতে কিশোরের ডাক’র উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের গাংনী এতিমখানায় এতিমদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করেছে “কিশোরের ডাক” নামের একটি স্বেচ্ছাসেবী সংগঠন।

গতকাল সোমবার সকাল ১০ টার দিকে ২৮ জন শিশু কিশোরের মাঝে এ অনুসঙ্গ বিতরণ করা হয়।

সংগঠনের সভাপতি আব্দুল্লাহ আল নোমানের সভাপতিত্বে অতিথি ছিলেন গাংনী বাজারের বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল হান্নান, গাংনী প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলম, মেহেরপুর প্রতিদিন যুগ্ম-সস্মাদক আল-আমিন, তোফায়েল হোসেন ও রফিকুল ইসলাম বকুল।

এ সময় গাংনী এতিমখানা সুপারিনটেনডেন্ট মিজানুর রহমান, সহকারী শিক্ষক হাফেজ তাওহিদুল ইসলাম, মাঠ সহকারী আব্দুল খালেক, নিবাসীদের খেদমতকারী আব্দুল মোমিন ও কিশোরের ডাক সংগঠনের ফয়সাল মাহমুদ, মেহনাজ সিদ্দিকী, ঈষাণ ও রাতুল হাসান আপনসহ এতিমখানার শিশু কিশোররা উপস্থিত ছিলেন।

ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ

জাতির জনকের ভাস্কর্য ভাঙচুর ও স্বাধীনতা বিরোধী শক্তির অপপ্রচারের বিরুদ্ধে মেহেরপুরের গাংনীতে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ করেছে আওয়ামী লীগ। গতকাল সোমবার বিকালে গাংনী প্রধান সড়কে বিক্ষোভ মিছিল শেষে বাস স্ট্যান্ডে সমাবেশ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তৃতা করেন জেলা আওয়ামী লীগের যুগ্ম-

সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন। বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, যুগ্ম-সম্পাদক নাজমুল হুদা, সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান সেলিনা মমতাজ কাকলী, পৌর আ.লীগ সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, আওয়ামী লীগ নেতা আক্তারুজ্জামান বাবু, যুব মহিলা লীগের কেন্দ্রী নেত্রী শাহানা ইসলাম শান্তনা,

জেলা আ.লীগের ত্রাণ ও পুনর্বাসন বিষয়ক সম্পাদক মিজানুর রহমান রানা, মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহম্মেদ, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, রাইপুর ইউনিয়ন আ.লীগ সাধারণ সম্পাদক হাফিজুর রহমান মোকলেছ, উপজেলা ছাত্রলীগ সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, পৌল ছাত্রলীগ সভাপতি ডালিম রানাসহ নেতৃবৃন্দ। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন উপজেলা আ.লীগ সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান।

মেহেরপুরে আল্লাহর দলের সদস্য আটক

মেহেরপুরে প্রচার ও লিফলেট বিতরণের সময় নিষিদ্ধ ঘোষিত আল্লাহর দল নামক একটি দলের সদস্য জাহিদ হাসান (২২) কে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

সদর উপজেলার আমঝুপি বাজার থেকে গত রবিবার রাতে জাহিদ হাসানকে আটক করা হয়। আকটকৃত জাহিদ হাসান যশোর জেলার চৌগাছা থানাধীন শাহাজাদপুর গ্রামের আজিম উদ্দীনের ছেলে।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ শাহ দারা খান জানান, মেহেরপুর সদরের আমঝুপি বাজারে এক যুবক আল্লাহর দলের প্রচারসহ লিফলেট বিলি বণ্টন করছে এমন সংবাদের ভিত্তিতে বারাদি পুলিশ ক্যাম্পের একটি টিম তাকে আটক করে।

এসময় তার কাছে থাকা লিফলেটসহ দলীয় কাগজপত্র উদ্ধার করে মেহেরপুর সদর থানায় পেরণ করে।

আটককৃত জাহিদ হাসানকে গত ৬ আগস্ট সস্ত্রাস দমন আইনে ৭ নং মামলার পলাতক আসামি হিসেবে গ্রেফতার দেখিয়ে আদালতে পেরণ করেন থানা পুলিশ।

গাংনীতে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন অবহিতকরণ সেমিনার

মেহেরপুরের গাংনীতে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন অবহিতকরণ ও বাস্তবায়ন সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গত রোববার বেলা ১২ টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

বিশেষ অতিথি ছিলেন সাবেক এমপি ও বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন ও উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন।

সেমিনারে উপস্থিত ছিলেন থানা ইন্সপেক্টর (তদন্ত) সাজেদুল ইসলাম, র্যাব প্রতিনিধি শফিকুল ইসলাম, মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ, উপজেলা কৃষি অফিসার কে এম শাহাবুদ্দিন, গাংনী মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ খোরশেদ আলম, আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু, গাংনী প্রেস ক্লাবের সভাপতি রমজান আলী, আওয়ামী যুবলীগ সাধারণ সম্পাদক হাজী শফি কামাল পলাশ, পল্লী বিদ্যুতের ডিজিএম নিরাপদ দাস, গাংনী বাজার কমিটির সভাপতি মাহবুবুর রহমান স্বপন,

জেলা আওয়ামী লীগের সাবেক কৃষি বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম শাহ, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলী, গাংনী মডেল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভিয়াস সাজ্জাদ রাজা, শিক্ষক আব্দুর রকিব, জাতীয় পার্টির (জেপি) সভাপতি আব্দুল হালিম আনছার ভিডিপি প্রতিনিধিসহ রাজনৈতিক, সামাজিক সংগঠন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন প্রমুখ।

গাংনীতে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ৩শ গ্রাম গাঁজাসহ জাকির হোসেন (৫৫) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

সোমবার সন্ধায় গাংনীর উপজেলার সাহারবাটি গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক জাকির হোসেন গাংনীর চৌগাছার মৃত আওলাদ হোসেন এর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, এস আই হাবিবুর রহমান এর নেতৃত্বে অভিযান চালিয়ে জাকির হোসেন নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। এ সময় তার কাছে থেকে ৩শ গ্রাম গাঁজা ও একটি মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে।

এ বিষয়ে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে আরও ৫ জন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ৫ জন করোনা আক্রান্ত হয়েছেন। আক্রান্তদের মধ্যে দুই জন গাংনী উপজেলার ও তিন জন মেহেরপুর সদরের বাসিন্দা।

সোমবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ২৬ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে ৫ জনের। আর নেগেটিভ আসে ২১ জনের।

সূত্রে আরো জানা যায়, এ পর্যন্ত সর্বমোট নমুনা ৫১২৪ টি, সর্বমোট ফলাফল এসেছে ৫০০৮ টি, সর্বমোট পজিটিভ ৭৩১ জন, সুস্থ

৬৩৬ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৫৯ জন।

বর্তমানে পজিটিভ সংখ্যা ১৯ টি (সদরে ১১, গাংনীতে ০৪ ও মুজিবনগরে ০৪)।

ভিন্নসূত্রে পাওয়া পাওয়া পজিটিভের পরিচয়- মেহেরপুরের রাধাকান্তপুরের শরিফ উদ্দিন(৫২), পুলিশ লাইনের শুকুর মামুদ(৪২), চাঁদবিলের সোমা খাতুন(২০), গাংনী উপজেলার ভমরদহের ওবাইদুর রহমান(৩৫), হারিয়াদহের শামীম রেজা(৩৫)।

মুজিবনগরে অগ্রণী ব্যাংক লিমিটেডের নতুন ভবনের উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগরে অগ্রণী ব্যাংক লিমিটেড মুজিবনগর শাখা নতুন ভবনের উদ্বোধন করা হয়েছে।

সোমবার বেলা সাড়ে ১১টার সময় মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজারে অবস্থিত তপতি হাইটর্স শপিং কমপ্লেক্স এর দ্বিতীয় তলায় এ নতুন ভবনের উদ্বোধন করা হয়।

অগ্রণী ব্যাংক লিমিটেডের খুলনা সার্কেল মহা বাবস্থাপক ফারুক আহম্মেদ প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ফিতা কেটে এ ভবনের উদ্বোধন করেন।

পরে নতুন ভবনে অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখা ব্যাবস্থাপক কাজী আরিফুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অগ্রণী ব্যাংক লিমিটেড চুয়াডাঙ্গা অঞ্চল এর সহকারী মহাব্যাবস্থাপক ও অঞ্চল প্রধান মানস কুমার পাল, অগ্রণী ব্যাংক লিমিটেড খুলনা সার্কেল এর সহকারী মহাব্যাবস্হাপক গোপাল চন্দ্র গাইন, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা।

উপস্হিত থেকে বক্তব্য রাখেন ভবন মালিক কৌশিকুল ইসলাম রুমি,

কেদারগন্জ বাজার কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক।

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন CBA চুয়াডাঙ্গা অঞ্চলেরর সভাপতি জাহাঙ্গীর আলম, সম্পাদক ফিরোজ খন্দকার, অগ্রণী ব্যাংক লিমিটেড মেহেরপুর শাখা ব্যাবস্থাপক মেহেদি মাসুদ,চুয়াডাঙ্গা শাখা ব্যাবস্থাপক এম এইচ জগলুল পাশা,সোনালী ব্যাংক লিমিটেড মুজিবনগর শাখার সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও ম্যানাজার ওয়াহেদ সায়েমসহ অগ্রণী ব্যাংক লিমিটেড মুজিবনগর শাখার গ্রাহকবৃন্দ ও ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারী বৃন্দ।

গাংনীতে সম্পত্তি দখলমুক্ত করতে মানববন্ধন

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের ওলিনগর গ্রামের এক মুক্তিযোদ্ধার কন্যার ক্রয়কৃত জমি দখলমুক্ত করার দাবিতে গাংনীতে সর্বস্তরের মানুষের অংশগ্রহণে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার সকালে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলা পরিষদের সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে অংশগ্রহণ করেন বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির কেন্দ্রীয় কমিটির সদস্য ও মেহেরপুর জেলা কমিটির সভাপতি কমরেড আব্দুল মাবুদ, বীর মুক্তিযোদ্ধা যথাক্রমে আব্দুল হান্নান দেলোয়ার হোসেন, আব্দুল জলিল, মুকুল হোসেন মাস্টার, ফিরোজ জাহাঙ্গীর, কমরেড মজনুল হক মজনুসহ বিভিন্ন এলাকা থেকে আগত শতশত নারী-পুরুষ।

জানা যায়, ওলিনগর গ্রামের বীর মুক্তিযোদ্ধা মরহুম হাফিজুর রহমানের স্ত্রী নুরুন্নাহার আক্তার তার নিজ কন্যা হাবিবা নওরিনের কাছে জমি বিক্রি করেন। হাবিবার নামীয় জমি দখল করেছেন তারই সৎ ভাইয়েরা ও আত্মীয়রা।

এমনকি হাবিবা ও তার মা নুরুরন্নাহার দখলকারীদের হুমকির কারণে নিজ

বাড়িতে বসবাস করতে পারছেন না। ওই জমি দখল মুক্ত করতে স্থানীয়রা ইউনিয়ন পরিষদসহ বিভিন্ন মহলে গিয়েও আপোস-মীমাংসা হয়নি।

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙ্গায় গাংনীতে ওয়ার্কার্স পার্টির প্রতিবাদ

কুষ্টিয়ায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাঙ্গার প্রতিবাদে ও ভাঙচুরকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মেহেরপুরের গাংনীতে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

গতকাল রোববার সকালে মেহেরপুর জেলা ওয়ার্কার্স পার্টি প্রতিবাদ সভার আয়োজন করে।

জেলা ওয়ার্কার্স পার্টির গাংনীস্থ কার্যালয়ে এ প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির কেন্দ্রীয় কমিটির সদস্য ও মেহেরপুর জেলা কমিটির সভাপতি জননেতা কমরেড আব্দুল মাবুদ।

এসময় বক্তব্য রাখেন জেলা ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক কমরেড মজনুল হক মজনু, জেলা নারী মুক্তিদলের সাধারণ সম্পাদক নুরুন নাহার আক্তার, ওয়ার্কার্স পার্টির নেতা কমরেড আরোজ আলী, গোলাম রহমান মাস্টার, ফিরোজ জাহাঙ্গীর মাস্টার, জেলা যুবমৈত্রীর যুগ্ম-সাধারণ সম্পাদক শামসুজ্জামান প্রমুখ।

কুষ্টিয়ার ভাস্কর্য ভাঙ্গার তীব্র নিন্দা জানিয়ে প্রতিবাদ সভায় বক্তারা বলেন, দেশের সামাজিক-সম্প্রীতিকে বিনষ্ট করতে ও বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ এবং বাংলাদেশের সুবর্ণজয়ন্তীতে নতুন করে ষড়যন্ত্রে মেতেছে স্বাধীনতা বিরোধী চক্র। তারা ধর্মের নামে ভাস্কর্য বিরোধীতে অবস্থান নিচ্ছে এবং দেশের বিভিন্ন স্থানে ভাস্কর্য ভাঙ্গার চেষ্টা চালিয়ে যাচ্ছে। যা এটা তাদের রাজনৈতিক

বহিরপ্রকাশ। দেশকে অস্থিতিশীল রাখতে তারা উগ্র ও উস্কানিমূলক বক্তব্যে দিচ্ছে। যা শুভ লক্ষণ নয়।

গাংনীতে মউকের বিরুদ্ধে সংবাদ সম্মেলন

মেহেরপুর জেলার গাংনীতে মিথ্যা তথ্য দিয়ে সেকেন্ড চান্স এডুকেশন প্রকল্প নেয়ার প্রতিবাদে বেসরকারি সংস্থা মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছে গাংনী লোকাল এনজিও ফোরাম।

গতকাল রোববার বিকেলে গাংনী রুরাল ভিশন সংস্থার প্রশিক্ষণ কেন্দ্রে এ সংবাদ সম্মেলনের আয়োজন করে গাংনী লোকাল এনজিও ফোরাম।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন গাংনী লোকাল এনজিও ফোরামের আহবায়ক ও বামন্দী সমাজ কল্যাণ সংস্থার পরিচালক এবং গাংনী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এ্যাডভোকেট রাশেদুল হক জুয়েল।

এসময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা এনজিও সমন্বয় কমিটির সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ, রুরাল ভিশন সংস্থার পরিচালক আনোয়ারুল ইসলাম, শানঘাট পল্লী উন্নয়ন সংস্থার পরিচালক মহিবুল ইসলাম, এমআরএফ সংস্থার পরিচালক আব্দুল হালিম, ভিটাপাড়া নারী উন্নয়ন সংস্থার পরিচালক আসমা খাতুন, এআরসি সংস্থার পরিচালক এনামুল হক, দেশসেবা ফাউন্ডেশনের পরিচালক রাকিবুল হক রানা, স্কাই পল্লী উন্নয়ন সংস্থার পরিচালক কামাল হোসেন, আদর্শ মহিলা কল্যাণ সমিতির পরিচালক মনোয়ারা খাতুন।
আরও উপস্থিত ছিলেন বিভিন্ন মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

লিখিত বক্তব্যে এ্যাডভোকেট রাশেদুল হক জুয়েল বলেন, বাংলাদেশ সরকার দেশের অন্যান্য জেলার ন্যায় মেহেরপুর জেলার ৩টি উপজেলায় ঝরে পড়া শিশুদের হাতে-কলমে শিক্ষাদানের জন্য সেকেন্ড চান্স

এডুকেশন নামে একটি প্রকল্প গ্রহণ করেছে। যেখানে একটি জেলায় কমপক্ষে ৩টি এনজিওকে সমন্বতিভাবে প্রকল্প বাস্তবায়নের জন্য বলা হয়েছে।
তথাপি মানব উন্নয়ন কেন্দ্র মউক তথ্য গোপন করে ও আর্থিক লেনদেন করে।

ফলে আর্থিক লেনদেনের মাধ্যমে মেহেরপুর জেলার জামায়াত-বিএনপি মনা মানব উন্নয়ন কেন্দ্র মউক (এজেন্ট) এনজিওকে প্রকল্প দিয়েছে। ঝরে পড়া শিশুদের জন্য কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা, সংস্থার আইসিটি ল্যাব থাকার কথা থাকলেও মউকের তা আদৌ নাই। এমনকি মউক লোকবলের ভুয়া তথ্য দাখিল করেছে।

এছাড়াও সংস্থার ৪০ থেকে ৫০ লক্ষ টাকার ব্যাংক সনদ, সংস্থার গঠনতন্ত্রে ঝরে পড়া শিশু শিক্ষার অনুমোদিত সনদ না থাকলেও মিথ্যা তথ্য দেয়া হয়েছে। সংস্থার এইচআর পলিসি, আর্থিক, পলিসি এবং চাইল্ড প্রটেকশন পলিসি কোনটিই নাই। তবুও কর্তৃপক্ষ ভুয়া তথ্য গ্রহণপূর্বক সংস্থাকে নিয়ম বহির্ভূত ভাবে কোটি টাকার প্রকল্পে নিয়োগ দিয়েছে।

মউক ২০০৩ সালে ভোটার শিক্ষার নামে জামায়াত-বিএনপির নির্বাচনে সহযোগিতা করেছিল। ২০১০ সালে প্রতিবন্ধী, এতিম ও দুস্থদের কোরবানীর গোস্ত বিতরণের নামে মুসলিম এইড-এর কাছ থেকে ৩০ লক্ষ টাকা আত্মসাৎ করেছিল। ২০১২ সালে সরকারের সামাজিক বনায়নের গাছ কেটে পরিচালক জেল খেটেছিলেন।

এছাড়াও মউক এডাব নামের একটি প্রতিষ্ঠান থেকে ১০ লক্ষ টাকা ঋণ নিয়ে তা আত্মসাৎ করে। ২০০৭ সালে জামায়াতের রোকনদের দক্ষতা বৃদ্ধির নামে কর্মসূচি বাস্তবায়ন করেছিল। ২০০৬ সালে মেহেরপুর জেলার শিশু শিক্ষার্থীদের বৃত্তি দেয়ার নামে ব্যাংক ডাফট গ্রহণ করে ১০ লক্ষ টাকা আত্মসাৎ করে। যেখানে বিএনপি সরকারের ছত্রছায়ায় সম্ভব হয়েছে।